

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৫.০৭.১৩৫.২৩ নথির বিষয়: Supply of lead washer for chlorination system of Dhaka water works
নোট: ১ নোটের বিষয়: Supply of lead washer for chlorination system of Dhaka water works কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৯/৯/২৩ ১১:৩২ পূর্বাহ্ন

সংযুক্ত ক্রমিক নং- ১ হতে ৪ দয়া করে দেখা যেতে পারে। চাঁদনীঘাট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের (ঢাকা ওয়াটার ওয়ার্কস) ক্লোরিনেশন সিস্টেমে ৩.০ কিলোওয়াট ১৭ ঘনমিটার/ঘন্টা ক্ষমতার ২ সেট প্রি ও ২ সেট পোস্টসহ মোট ৪ সেট মোটিভ ওয়াটার/বুস্টার পাম্প মোটর, ৪টি ভ্যাকুয়াম রেগুলেটর, ৪টি ইনজেক্টর, হেডার পাইপ লাইন, হিটার, কানেকটিং পাইপ, সিলিন্ডার প্রভৃতি মালামাল রয়েছে। প্লান্টে পানি পরিশোধন প্রক্রিয়ায় দুইভাবে অর্থাৎ প্রি ও পোস্ট ক্লোরিন ডোজিং করা হচ্ছে। প্লান্টের বিদ্যমান লিকুইড ক্লোরিন সিলিন্ডারগুলোর ক্যাপাসিটি ৫০ কেজি। যা স্বল্প সময়ের মধ্যেই শেষ হয়ে যায়। সেই কারণে প্রতিনিয়ত সিলিন্ডারগুলো ক্লোরিনেশন সিস্টেমের হেডার লাইন হতে ডিসকানেক্ট করে নতুন ভরা সিলিন্ডার সংযুক্ত করতে হয়। উক্ত সিলিন্ডার হেডার লাইনের সাথে সংযুক্ত করার জন্য প্রতিদিন ১০ - ১২ টি লীড ওয়াসার প্রয়োজন হচ্ছে যা 'র' ওয়াটারের কোয়ালিটির উপর নির্ভর করে। উক্ত লীড ওয়াসারগুলো সংগ্রহ বিভাগের মাধ্যমে ক্রয় করে অত্র বিভাগে সরবরাহ করা হয়। গত অর্থ বছরে সংগ্রহ বিভাগ হতে ৫০০০ টি লীড ওয়াসার সরবরাহ করা হয়েছিল। যার মজুদ শেষ হয়ে গিয়েছে। লীড ওয়াসার ছাড়া ক্লোরিনেশন সিস্টেম চালু রাখা সম্ভব নয়। সেই কারণে ক্লোরিনেশন সিস্টেম চালু রাখার জন্য জরুরী ভিত্তিতে লীড ওয়াসার প্রয়োজন। উল্লেখ্য যে, লীড ওয়াসার ক্রয়ের জন্য সংগ্রহ বিভাগ-২ এর অনুকূলে বাৎসরিক চাহিদা প্রেরণ করা হয়েছে। যা পেতে আরও ১ - ২ মাসের মত সময় গেলে যাবে। সেই প্রেক্ষিতে পানি সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে কিছু লীড ওয়াসার ক্রয়ের উদ্যোগ নেয়া হয়েছে। সেই আলোকে বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এতে ৭.৫% ভ্যাটসহ(১৬৫০/-) মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা:২৩,৬৫০.০০ (তেইশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম) খাত হতে বাজেটভুক্ত করা যেতে পারে। কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১০৭, প্যাকেজ নং- ইউইউএস-১ থোক বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার থোক বরাদ্দের কপি।
- ২। সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহ বিভাগ-২ এর অনুকূলে লীড ওয়াসার ক্রয়ের জন্য প্রেরিত চাহিদার কপি.pdf
- ৩। দরের স্বপক্ষে বাজার দরের কোটেশন।
- ৪। লীড ওয়াসার ক্রয় কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৯/৯/২৩ ১১:৩৩ পূর্বাহ্ন


মডস জোন-২ এর আওতাধীন চাঁদনীঘাট পানি শোধনাগারের ক্লোরিনেশন সিস্টেম চালু রাখার লক্ষ্যে লীড ওয়াসার ক্রয় কাজের খরচ পিপিআর ২০০৮ এর ৮১(১) ধারায় সরাসরি নগদ ক্রয় এ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৯/৯/২৩ ১১:৩৫ পূর্বাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে জরুরী বিবেচনায় মডস জোন-২ এর আওতাধীন চাঁদনীঘাট পানি শোধনাগারের ক্লোরিনেশন সিস্টেম চালু রাখার লক্ষ্যে লীড ওয়াসার ক্রয় কাজে ৭.৫% ভ্যাটসহ উপস্থাপিত সর্বমোট টা:২৩,৬৫০.০০ (তেইশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা কাজের খরচের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা


অনুমোদনসহ পিপিআর ২০০৮ এর ৮১(১) ধারায় সরাসরি নগদ ক্রয় এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে। পরবর্তিতে খরচের হিসাব প্রকৃত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাভুক্ত।




২৯/৯/২৩ ১১:৩৮ পূর্বাহ্ন
সম্মাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২



২৯/৯/২৩ ৫:১৮ অপরাহ্ন
মোঃ ইলিয়াস হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-২



৩০/৯/২৩ ৩:২১ অপরাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২



১/১০/২৩ ৪:২১ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

১/১০/২৩ ৪:২১ অপরাহ্ন


মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৪/১০/২৩ ৮:৫৫ পূর্বাহ্ন

অনুমোদিত



৪/১০/২৩ ৮:৫৫ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



৪/১০/২৩ ২:২৩ অপরাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২

৪/১০/২৩ ২:২৩ অপরাহ্ন
সম্মাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা